# আইন মেনে বগুড়া-৬ আসন ছেড়ে দিয়েছেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৭ ও বগুড়া-৬ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করে উভয় জায়গাতেই জয় পেয়েছেন তারেক রহমান। আইন অনুযায়ী একটি আসনই ধরে রাখা সম্ভব হওয়ায় তিনি বগুড়া-৬ আসন ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

ফলে তিনি ঢাকা-১৭ আসনের সংসদ সদস্য হিসেবে শপথ নেবেন। সোমবার এ বিষয়ে নিশ্চিত করেছে নির্বাচন কমিশন-এর সংশ্লিষ্ট সূত্র।

প্রতিনিধিত্ব আদেশ (আরপিও) অনুযায়ী, একজন প্রার্থী একই নির্বাচনে একাধিক আসনে অংশ নিতে ও নির্বাচিত হতে পারেন। তবে একাধিক আসনে জয়ী হলে গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে লিখিতভাবে জানাতে হয় কোন আসনটি তিনি রাখবেন। নির্ধারিত সময়ের মধ্যে সিদ্ধান্ত না জানালে কমিশন আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে বাকি আসন শূন্য ঘোষণা করে।

LENS ASIA